

বরিশাল
বিশ্ববিদ্যালয়ে
স্বাধীনতা দিবস
উদযাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নানা আয়োজনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে সকাল ৮টায় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন উপাচার্য ড. এস এম ইমদাদুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। পরে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অস্থায়ীভাবে স্থাপিত স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। এরপর একে একে শিক্ষক সমিতি, কর্মকর্তারা, বিশ্ববিদ্যালয় শাখা সেক্টর কমান্ডারস ফোরাম, মুক্তিযুদ্ধ '৭১, উত্তরাধিকার, বিভিন্ন বিভাগ ও আবাসিক হল, তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী কল্যাণ পরিষদ, ডিবেটিং সোসাইটি, বিশ্ববিদ্যালয় ছাত্রলীগসহ সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণ করে।

পরে শিক্ষকদের অংশগ্রহণে আয়োজিত স্বাধীনতা কাপ ক্রিকেট ম্যাচে উপাচার্য একাদশ ও কোষাধ্যক্ষ একাদশ প্রতিদ্বন্দ্বিতা করে। ম্যাচে উপাচার্য একাদশ জয়লাভ করে। এ ছাড়া সন্ধ্যায় মুক্তক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের আয়োজনে 'পায়ের আওয়াজ পাওয়া যায়' নাটক প্রদর্শন করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।